গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-৩ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৮.২৩.০০২.১৪ (অংশ-১)-**১৯৬** তারিখ: ২১ ভাদ্র ১৪২৯ / ৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: বাংলাদেশ গেজেট প্রকাশিত ‘ মেরিন ফিশারিজ একাডেমিতে স্নাতক পর্যায়ে ক্যাডেট ভর্তির নির্দেশিকা, ২০২২’ বিতরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মেরির ফিশারিজ একাডেমিতে ক্যাডেট ভর্তির জন্য বাংলাদেশ গেজেট প্রকাশিত ‘মেরিন ফিশারিজ একাডেমিতে স্নাতক পর্যায়ে ক্যাডেট ভর্তির নির্দেশিকা, ২০২২’-শীর্ষক নির্দেশিকাটি এতদসংগে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক পাতা।

৫/৯/২০২২

(মোঃ আনোয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২২৩৩৫৬৩৫৬

বিতরণ:

১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়, প্লট: ১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা।
৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৫। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
৬। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।

নং-৩৩.০০.০০০০.১২৮.২৩.০০২.১৪ (অংশ-১)-**১৯৬(২)** তারিখ: ২১ ভাদ্র ১৪২৯ / ৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়কে অবহিতকরণের অনুরোধসহ)।
২। যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আনোয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ২৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

নং ৩৩.০০.০০০০.১২৮.২৩.০০২.১৪(অংশ-১)-১৮৭—মেরিন ফিশারিজ একাডেমি দেশের সামুদ্রিক মৎস্য আহরণে মৎস্য নৌযান পরিচালনা ও আহরণ এবং মৎস্যজাত পণ্য প্রক্রিয়াকরণে দক্ষ জনবল গড়ার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্দেশে ১৯৭৩ সালের ০১ সেপ্টেম্বর গড়ে উঠা একমাত্র সরকারি মেরিটাইম প্রতিষ্ঠান। এ একাডেমিতে বিদেশগামী বাণিজ্যিক ও সামুদ্রিক মৎস্য নৌযান পরিচালনার উপর ২ (দুই) বছর মেয়াদী প্রি-সি প্রশিক্ষণ প্রদানসহ স্নাতক পর্যায়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। বর্তমানে মেরিন ফিশারিজ একাডেমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান। এই একাডেমিতে প্রতিবছর স্নাতক পর্যায়ে তিনটি ইউনিটে ক্যাডেট ভর্তি করা হয়। ক্যাডেট ভর্তির ক্ষেত্রে নিয়মতান্ত্রিক পদ্ধতি অনুসরণের জন্য নির্দেশমালার প্রয়োজনীয়তা অনুভব করে সরকার কর্তৃক এ নির্দেশিকা প্রণয়ন করা হলো।

১। **নির্দেশিকার শিরোনাম ও প্রযোজ্যতা :**

১.১) এ নির্দেশিকা 'মেরিন ফিশারিজ একাডেমিতে স্নাতক পর্যায়ে ক্যাডেট ভর্তির নির্দেশিকা, ২০২২' নামে অভিহিত হবে।

১.২) এ নির্দেশিকা সরকার কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

২। **সংজ্ঞা :**

২.১) **'অধ্যক্ষ'** অর্থ একাডেমির অধ্যক্ষ।

২.২) **'একাডেমি'** অর্থ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।

২.৩) **'ক্যাডেট'** অর্থ একাডেমিতে স্নাতক পর্যায়ে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী।

২.৪) **'সরকার'** অর্থ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব।

২.৫) **'ভর্তি'** অর্থ এ নির্দেশমালার অধীন স্নাতক পর্যায়ে ভর্তির জন্য গৃহীত সকল বা যে কোনো কার্যক্রম।



মূল্য : টাকা ১২.০০

৩। **উদ্দেশ্য :**

৩.১) জ্ঞানসম্পন্ন, দক্ষ, সমুদ্রে নির্ভরযোগ্য ও প্রতিশ্রুতিশীল গ্রাজুয়েট তৈরী।

৩.২) সুস্থ, মেধাবি, সহনশীল, আগ্রহী ও যোগ্য ক্যাডেট ভর্তি।

৪। **পাঠক্রম (Courses) :**

প্রতিবছর বিদ্যমান শিক্ষা ব্যবস্থাপনায় ও বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত নিচে উল্লিখিত ৪ (চার) বছর মেয়াদী তিনটি ইউনিটে ক্যাডেট ভর্তি করা হবে :

৪.১) বিএসসি (অনার্স) ইন নটিকাল সায়েন্স [B.Sc (Honours) in Nautical Science]

৪.২) বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং (B.Sc in Marine Engineering)

৪.৩) বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ [B. Sc (Honours) in Marine Fisheries]

৫। **ভর্তি কার্যক্রম :**

৫.১) একাডেমির তিনটি কোর্সের ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্য সম্পন্ন করার জন্য অধ্যক্ষ ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি পরীক্ষা কমিটি গঠন করবেন এবং অধ্যক্ষ এ কমিটির সভাপতি হবেন।

৫.২) অধ্যক্ষ কর্তৃক মনোনীত ৩টি কোর্সের সাথে সংশ্লিষ্ট ৩ (তিন) জন প্রশিক্ষক ও ট্রেনিং কো-অর্ডিনেটিং অফিসার (টিসিও) পরীক্ষা কমিটির সদস্য হবেন এবং ট্রেনিং কো-অর্ডিনেটিং অফিসার (টিসিও) উক্ত কমিটির সদস্য-সচিব হবেন।

৫.৩) বিএসসি (অনার্স) ইন নটিকাল সায়েন্স ও বিএসসি ইন মেরিন ইঞ্জিনয়ারিং পাঠ্যক্রমে ভর্তির ক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয়ের স্মারক নং-১৮.০০.০০০০.০১৭.১৮.২৪.১৮-৬৩৬, তারিখ : ২২ অক্টোবর ২০১৯ মূলে জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত 'মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ক্যাডেট ভর্তির সমন্বিত ভর্তি পরীক্ষা নীতিমালা, ২০১৯' বা উহার কোনো সংশোধনী আনা হলে সে অনুসারে ভর্তি অনুষ্ঠিত হবে।

৫.৪) বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ পাঠ্যক্রমে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা ও অনুসৃতব্য ভর্তি প্রক্রিয়া নিম্নরূপ হবে—

৫.৪.১) **শিক্ষাগত যোগ্যতা–**

৫.৪.১.১) মাধ্যমিক (বিজ্ঞান) বা 'ও' লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ বা উহার সমমান।

৫.৪.১.২) উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা 'এ' লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ বা উহার সমমান।

৫.৪.১.৩) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় আবশ্যিকভাবে জীববিদ্যায় ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

৫.৪.১.৪) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ইংরেজীতে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

৫.৪.২) **শারীরিক যোগ্যতা :**

৫.৪.২.১) ভর্তির জন্য প্রকাশিত বিজ্ঞপ্তির তারিখে বয়স অনধিক ২১ বছর হতে হবে।

৫.৪.২.২) পুরুষের ক্ষেত্রে উচ্চতা ন্যূনতম ১৬২.৫ সে.মি এবং মহিলার ক্ষেত্রে ন্যূনতম ১৫৫.০০ সে.মি হতে হবে।

৫.৪.২.৩) প্রার্থীর ওজন বডিমাস ইনডেক্স অনুসারে নির্দিষ্ট ওজনের অতিরিক্ত হবে না।

৫.৪.২.৪) দৃষ্টিশক্তি ন্যূনতম ৬/১২ হতে হবে।

৫.৪.২.৫) কালার ভিশন স্বাভাবিক হতে হবে তবে মহিলাদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

৫.৪.৩) **পরীক্ষা পদ্ধতি :**

৫.৪.৩.১) ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আবেদনকারী প্রার্থীগণকে প্রথমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫.৪.৩.২) লিখিত পরীক্ষার পূর্ণমান হবে ১০০ (একশত) এবং প্রশ্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা বা সমমানের পরীক্ষার পাঠক্রম অনুসারে হবে।

৫.৪.৩.৩) নিচে বর্ণিত চারটি বিষয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে :

(ক) ইংরেজি ও সাধারণ জ্ঞান

(খ) জীববিদ্যা

(গ) পদার্থবিদ্যা; এবং

(ঘ) রসায়ন।

৫.৪.৩.৪) প্রশ্ন হবে নৈর্ব্যক্তিক (Multiple Choice Questions) এবং প্রশ্নের ভুল উত্তর প্রদানের জন্য পরীক্ষার্থীর কোনো নম্বর কর্তন করা হবে না।

৫.৪.৩.৫) বিষয়ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ হবে :

| | | |
|---|---|---|
| ক) | ইংরেজী ও সাধারণ জ্ঞান (উভয়ই ১২.৫) | -২৫ |
| খ) | জীববিদ্যা | -২৫ |
| গ) | পদার্থবিদ্যা | -২৫ |
| ঘ) | রসায়ন | -২৫ |

৫.৪.৩.৬) মোট ১০০ (একশত) নম্বরের জন্য মোট ২০০ (দুইশত)টি প্রশ্ন থাকবে এবং মোট সময় ২ (দুই) ঘন্টা।

৫.৪.৩.৭) লিখিত পরীক্ষায় প্রতিটি বিষয়ে পাশ নম্বর হবে ৪০%।

৫.৪.৩.৮) কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত প্রাথমিক শারীরিক যোগ্যতা যথা : দৌড়, পুশআপ, উলম্বভাবে রশিতে আরোহণ, স্বাস্থ্য, চক্ষু ও কালার ভিশন এবং সাঁতার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে, মহিলাদের ক্ষেত্রে উলম্বভাবে রশিতে আরোহণ ও সাঁতার পরীক্ষা বাধ্যতামূলক হবে না।

৫.৪.৩.৯) প্রাথমিকভাবে ৩.৮ দফায় উল্লিখিত শারীরিক যোগ্যতায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫.৪.৩.১০) মৌখিক পরীক্ষায় মোট নম্বর হবে ৫০ এবং মৌখিক পরীক্ষায় Personality, Speech & Expression, Quantitative Aptitude, General Awareness & Knowledge, Extra-curricular Activities ইত্যাদি যাচাই করা হবে।

৫.৪.৩.১১) নিচে বর্ণিত কমিটি একাডেমির ক্যাডেট ভর্তির মৌখিক পরীক্ষা গ্রহণ করবে :

| | | |
|---|---|---|
| ক) | অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি | -সভাপতি |
| খ) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি | -সদস্য |
| গ) | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি | -সদস্য |
| ঘ) | ঊর্ধ্বতন ইন্সট্রাক্টর (নেভিগেশন), মেরিন ফিশারিজ একাডেমি | -সদস্য |
| ঙ) | ঊর্ধ্বতন ইন্সট্রাক্টর (মেরিন ইঞ্জিঃ), মেরিন ফিশারিজ একাডেমি | -সদস্য |
| চ) | ইন্সট্রাক্টর (মেরিন ফিশারিজ), মেরিন ফিশারিজ একাডেমি | -সদস্য |

৬। **মূল্যায়ণ পদ্ধতি :**

৬.১) একজন ভর্তি ইচ্ছুক প্রার্থীকে মাধ্যমিক পরীক্ষা বা সমমানের ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ, লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নির্বাচিত করা হবে। এ ক্ষেত্রে নিচে বর্ণিত পদ্ধতিতে মূল্যায়ণ করা হবে :

ক) এসএসসি বা 'ও' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ (পনেরো) গুণ সর্বোচ্চ নম্বর ৭৫ হবে।

খ) এইচএসসি বা 'এ' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ (পঁচিশ) গুণ সর্বোচ্চ নম্বর ১২৫ হবে।

গ) লিখিত পরীক্ষা ১০০ নম্বর ও মৌখিক পরীক্ষা ৫০ নম্বর।

ঘ) চূড়ান্ত মূল্যায়ণের জন্য মোট ৩৫০ নম্বর।

৬.২) লিখিত পরীক্ষায় প্রতিটি বিষয়ে ৪০% অথবা তদূর্ধ্ব নম্বর প্রাপ্ত প্রার্থীদের মধ্য হতে মেধাক্রমানুসারে প্রতিটি আসনের বিপরীতে ৫ (পাঁচ) জন করে প্রার্থী সাঁতার, স্বাস্থ্য, চক্ষু ও কালার ভিশন পরীক্ষার জন্য নির্বাচন করা হবে। তবে ৪০% অথবা তদূর্ধ্ব নম্বর প্রাপ্ত প্রার্থীর সংখ্যা প্রয়োজনের তুলনায় কম হলে একাডেমির 'বোর্ড অব স্টাডিজ' এর সভার সিদ্ধান্তের ভিত্তিতে মৌখিক, স্বাস্থ্য, চক্ষু ও কালার ভিশন ও সাঁতার পরীক্ষার জন্য প্রার্থী নির্বাচন করা হবে।

৭। **স্বাস্থ্য ও অন্যান্য পরীক্ষা :**

৭.১) স্বাস্থ্য ও অন্যান্য পরীক্ষা লিখিত পরীক্ষার ফল প্রকাশের পরবর্তী ৩ (তিন) সপ্তাহের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অধ্যক্ষ এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে স্বাস্থ্য ও অন্যান্য পরীক্ষা গ্রহণের ব্যবস্থা নিশ্চিত করবেন।

৭.২) প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য অধ্যক্ষ সিভিল সার্জন, চট্টগ্রামকে ৩ (তিন) বা ততোধিক সদস্যের সমন্বয়ে একটি মেডিকেল বোর্ড গঠনের জন্য অনুরোধপত্র প্রেরণ করবেন এবং সিভিল সার্জন, চট্টগ্রাম এ বোর্ডের আহ্বায়ক হবেন ও একাডেমির মেডিকেল অফিসার উক্ত বোর্ডের একজন সদস্য হবেন এবং সিভিল সার্জন, চট্টগ্রাম তৃতীয় সদস্য মনোনীত করবেন।

৭.৩) বোর্ড প্রার্থীদের নিচে বর্ণিত পরীক্ষাসমূহ সম্পন্ন করবেন এবং পরীক্ষণের পর সিভিল সার্জন বন্ধ খামে 'গোপনীয়' উল্লেখ করে প্রত্যেক প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন অধ্যক্ষের বরাবরে প্রেরণ করবেন :

ক) বুকের মাপ ও এক্স- রে, উচ্চতা ও ওজন।

খ) রক্তের গ্রুপ, রক্তচাপ, নাড়ির স্পন্দনের হার ও আরএইচ ফ্যাক্টর।

গ) হৃদরোগ।

ঘ) ডায়াবেটিস।

ঙ) পাইলস।

চ) অ্যাজমা।

ছ) কিডনী রোগ।

জ) জন্ডিস।

ঝ) হার্নিয়া।

ঞ) নাক, কান, গলা ও দাঁতের রোগ।

ট) ডোপ টেষ্ট।

ঠ) সাইকোলজিক্যাল টেষ্ট।

৭.৪) মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃপক্ষের নিজস্ব ব্যবস্থাপনায় নির্ধারিত পরীক্ষা কমিটির মাধ্যমে প্রার্থীদের চক্ষু ও কালার ভিশন পরীক্ষা গ্রহণ করবে। প্রত্যেক প্রার্থীর চক্ষু ও কালার ভিশন পরীক্ষার প্রতিবেদন বন্ধ খামে 'গোপনীয়' উল্লেখ করে কমিটি অধ্যক্ষের নিকট প্রেরণ করবে।

৭.৫) মেরিন ফিশারিজ একাডেমির সুইমিংপুলে নিজস্ব ব্যবস্থাপনায় নির্ধারিত পরীক্ষা কমিটির মাধ্যমে প্রার্থীদের সাঁতার পরীক্ষা নেওয়া হবে। প্রত্যেক প্রার্থীর সাঁতার পরীক্ষার প্রতিবেদন বন্ধ খামে 'গোপনীয়' উল্লেখ করে কমিটি অধ্যক্ষের নিকট প্রতিবেদন প্রেরণ করবে।

৮। **ভর্তি বাবদ আয় ও ব্যয় :**

৮.১) ভর্তির আবেদন ফি ৬৫০/টাকা, যা আবেদনের সাথে ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে আদায়যোগ্য হবে। তবে, সরকারের অনুমোদন সাপেক্ষে ভর্তির আবেদন ফি পুণঃনির্ধারণ করা যাবে।

৮.২) ভর্তির আবেদন ফি বাবদ গৃহীত সমুদয় অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে সরকারি কোষাগারে নির্দিষ্ট কোডে জমা করতে হবে।

৮.৩) ভর্তি কার্যক্রম পরিচালনার ব্যয় বাবদ বাজেটে বরাদ্দ থাকতে হবে। এ বরাদ্দ হতে নিম্নবর্ণিত খাতে ভাউচার গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে :

ক) ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি-পত্রিকায় প্রকাশনা বাবদ ব্যয় পরিশোধ।

খ) চুক্তিভুক্ত অনলাইন ভর্তি কার্যক্রমে সহায়তাকারী প্রতিষ্ঠান চুক্তিভুক্ত ইলেকট্রনিক পেমেন্ট প্রদানকারী ব্যাংক বা মোবাইল ব্যাংকিং কোম্পানির সার্ভিস চার্জ এবং আইটি বা ভ্যাট প্রযোজ্য হলে পরিশোধ।

গ) পরীক্ষা সংশ্লিষ্ট প্রশ্নপত্র প্রণয়ন, মডারেট, কক্ষ পরিদর্শকের সম্মানি, উত্তরপত্র মূল্যায়ণের সম্মানি, টেবুলেশন ও ফলাফল প্রকাশনা সংক্রান্ত কাজের সম্মানি, প্রাথমিক শারীরিক যোগ্যতা নির্ণয়কারী পরীক্ষকের সম্মানী, মৌখিক, স্বাস্থ্য, চক্ষু ও কালার ভিশন ও সাঁতার পরীক্ষার পরীক্ষকের সম্মানি, সহযোগি স্টাফদের সম্মানি ও আনুষঙ্গিক ব্যয় পরীক্ষা কমিটি কর্তৃক নির্ধারণ করা হবে।

ঘ) মেরিন ফিশারিজ একাডেমির হেল্পলাইনে পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রদানকারী কর্মকর্তার সম্মানি;

ঙ) অবশিষ্ট কোন অর্থ, যদি থাকে তাহলে তা সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

চ) সকল আয় বা ব্যয় সরকারিভাবে অডিটযোগ্য হবে।

৮.৪) ভর্তি ফি বাবদ আয়-ব্যয়ের বিবরণী ভর্তি কার্যক্রম শেষ হবার ১৫ (পনের) দিনের মধ্যে সরকারকে অবহিত করতে হবে।

৯। **প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশ :**

৯.১) প্রশ্নপত্র একাডেমির অধ্যক্ষ নির্বাচিত প্রশিক্ষকবৃন্দের নিকট হইতে বদ্ধ খামে সিলগালা অবস্থায় গ্রহণ করবেন এবং প্রতিটি বিষয়ের জন্য কমপক্ষে ৩ (তিন) জনের নিকট হতে গোপনীয়ভাবে একাডেমির অধ্যক্ষ প্রশ্নপত্র সংগ্রহ করবেন।

৯.২) অধ্যক্ষ কর্তৃক গঠিত ৪ (চার) সদস্যের একটি মডারেশন কমিটি উক্ত প্রশ্নপত্র মডারেশন করে অধ্যক্ষের নিকট বদ্ধখামে সিলগালা করে খামের উপর স্বাক্ষর করে হস্তান্তর করবেন।

৯.৩) প্রশ্নপত্র প্রণয়নকারীগণ বা মডারেটকারীগণের নিজে পরিবারের সন্তান বা নিকট কোন আত্মীয় বা তাদের সন্তান পরীক্ষার্থী হলে নিজ উদ্যোগে ঘোষণা প্রদান করে নিজেকে প্রত্যাহার করবেন এবং এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট প্রশ্নপত্র প্রণয়নকারী বা মডারেটকারীর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯.৪) অধ্যক্ষ নিজ দায়িত্ব ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র চূড়ান্তকরণ, ছাপানো এবং বাঁধাইয়ের ব্যবস্থা গ্রহণ করতঃ শুরু থেকে সকল প্রকার গোপনীয়তা রক্ষাপূর্বক নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন।

৯.৫) লিখিত পরীক্ষার উত্তরপত্রসমূহ একাডেমির নিয়মিত প্রশিক্ষকবৃন্দ কর্তৃক মূল্যায়ন করা হবে এবং লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পরবর্তী ২ (দুই) সপ্তাহের মধ্যে জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে ফলাফল প্রকাশের ব্যবস্থা করতে হবে।

৯.৬) পত্রিকায় বিজ্ঞপ্তি, ইলেকট্রনিক প্রিন্ট মিডিয়ায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে ও মোবাইল এসএমএস-এর (অনলাইন সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের সহযোগিতায়) মাধ্যমে উপযুক্ত প্রার্থীদের পরীক্ষাসমূহের সময়সূচী জানানো যাবে।

৯.৭) সকল পর্যায়ের পরীক্ষার ফলাফল প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে একাডেমির 'বোর্ড অব স্টাডিজ' কর্তৃক মেরিন ফিশারিজ একাডেমিতে ভর্তির নিমিত্ত মেধাক্রমানুসারে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এবং অপেক্ষমান তালিকা প্রস্তুতকরতঃ দুই সপ্তাহের মধ্যে একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৯.৮) একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের নিকট রেজিষ্ট্রার্ড ডাকযোগে একাডেমিতে ভর্তির 'অফার লেটার' প্রেরণ করা হবে।

৯.৯) প্রার্থীগণ নির্দিষ্ট দিনে একাডেমিতে ক্যাডেট হিসাবে ভর্তি হবার পর কোন আসন শূন্য থাকলে অথবা পরবর্তীতে কোন আসন শূন্য হলে তা অপেক্ষমান তালিকা হতে মেধাক্রমানুসারে পূরণ করা হবে।

৯.১০) সরকারের অনুমোদন সাপেক্ষে প্রতি ব্যাচে ৩০ জন (১০ জন মহিলা ও ২০ জন পুরুষ) ক্যাডেট ভর্তি করা হবে।

৯.১১) বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ ও বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে যথাক্রমে ৪ (চার) জন করে এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে ২ (দুই) জন করে মোট ১০ (দশ) জন বিদেশী পুরুষ/মহিলা ক্যাডেট ভর্তি করা যাবে। তিনটি কোর্সে ভর্তিচ্ছুক প্রার্থীদে যোগ্যতাসমূহ ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যোগ্যতার অনুরূপ হবে।

৯.১২) ভর্তিকৃত প্রতিটি ক্যাডেটের চারিত্রিক বৈশিষ্ট্য ও অতীত কর্মকাণ্ড সম্পর্কে নিশ্চিত হবার জন্য ১ (এক) মাসের মধ্যে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে এবং পুলিশ ভেরিফিকেশনের প্রতিবেদনে যদি ভর্তিকৃত ক্যাডেট সম্বন্ধে কোন বিরূপ মন্তব্য পাওয়া যায় তবে, সরকারকে অবহিত করে অধ্যক্ষ তার ভর্তি বাতিল করবেন এবং ভর্তি বাতিল হবার সাথে সাথে তার একাডেমির ক্যাডেটশীপ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১০। **ভর্তির সময় প্রদেয় দলিলাদি :**

ভর্তিকৃত ক্যাডেটদেরকে একাডেমিতে যোগদানের পূর্বে নিম্নবর্ণিত মূল সনদ ও দলিলাদি একাডেমি কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে :

ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (জাতীয় পরিচয় পত্র না থাকলে অনলাইন জন্মনিবন্ধনের সত্যায়িত কপি)।

খ) মাধ্যমিক বা 'ও' লেভেল বা সমমানের পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের মূল সনদ (মূল সনদ না পাওয়া গেলে সাময়িক সনদ)।

গ) মাধ্যমিক 'এ' লেভেল বা সমমানের পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।

ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি।

ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদের সত্যায়িত কপি।

চ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রার্থীর বৈবাহিক অবস্থার সনদ।

ছ) পিতা/অভিভাবক চাকরিজীবী হলে তাঁর কর্মরত দপ্তরের প্রধান কর্তৃক বা চাকরিজীবী না হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত বার্ষিক আয়ের সনদ।

জ) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

ঝ) যথাযথভাবে পূরণকৃত একাডেমি কর্তৃক প্রদত্ত ইনডেমনিটি বন্ড ও অঙ্গীকারনামা;

ঞ) ব্যাংকে জমাকৃত সরকার অনুমোদিত অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ জমাদানের পে স্লিপ।

**১১। সংশোধন বা হালনাগাদকরণ :**

সরকার যে কোন সময় এ নির্দেশিকার যে কোন নির্দেশনা প্রজ্ঞাপন জারি মাধ্যমে সংশোধন বা হালনাগাদকরণ বা বাতিল করতে পারবে এবং এরূপ যে কোন সংশোধন বা হালনাগাদকরণ বা বাতিল জারির তারিখ হতে এ নির্দেশিকার অংশ হিসাবে গণ্য ও প্রযোজ্য হবে।

**১২। রহিতকরণ :**

সরকার যে তারিখে এ নির্দেশিকা অনুমোদন করবে সে তারিখ হতে এ মন্ত্রণালয়ের মৎস্য-৩ শাখার ২৪-১০-২০১৮ তারিখের ৩৩.০০.০০০.১২৮.২৩.০০২.১৪-১৮২ এর মাধ্যমে জারীকৃত মেরিন ফিশারিজ একাডেমির সংশোধিত ক্যাডেট ভর্তি নির্দেশিকা ও পত্র নং-৩৩.০০.০০০০.১২৮.৪৫.০০২. ২২-১০৭ তারিখ ২৮-০৪-২০২২ বা এ সংক্রান্ত কোন আদেশ বা প্রজ্ঞাপন জারি হয়ে থাকলে উহা বাতিল হবে এবং উক্ত নির্দেশিকা বা আদেশ বা প্রজ্ঞাপনের অধীন গৃহীত সকল কার্যক্রম এ নির্দেশিকার অধীন গৃহীত হয়েছে মর্মে গণ্য হবে ও কোন কার্যক্রম চলমান থাকলে তা উক্ত নির্দেশিকার অধীন পরিচালিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.